মেহেরপুরে ছাত্রদলের তিন ইউনিটের কমিটি গঠন

মেহেরপর সরকারি কলেজ শাখা, সদর উপজেল শাখা ও মুজিবনগর উপজেলা শাখা ছাত্রদলের আহবায়ক কমিটি গঠিত হয়েছে।

মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন স্বাক্ষরিত পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

সদর উপজেলায় বক্তিয়ার খালিদ বুলবুল কে আহবায়ক ও শেখ রাশেদুল ইসলাম রাজনকে সদস্য সচিব, মুজিবনগর উপজেলা কমিটিতে আকিব জাভেদ সেনজিন কে আহবায়ক ও আজিজুর রহমান আফিরুল কে সদস্য সচিব এবং মেহেরপুর সরকারি কলেজ শাখা কমিটিতে ফাহিম আহনাফ লিংকন কে আহবায়ক ও তরিকুল ইসলামকে সদস্য সচিব করা হয়েছে।

কমিটির দায়িত্ব প্রাপ্ত আহবায়ক ও সদস্য সচিব কে সাত দিনের মধ্যে পুর্নাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে।

মেপ্র/ইএম

মুজিববর্ষ পালন উপলক্ষে কুড়ালগাছিতে প্রস্তুতি সভা

মুজিববর্ষ পালন উপলক্ষে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়ন পরিষদে এক প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

গতকাল রবিবার বিকাল ৪ ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে ইউনিয়ন পরিষদ চত্তরে মুজিববর্ষ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউপি চেয়ারম্যান শাহ এনামুল কবির ইনু ।

প্রধান অতিথি ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাবিবুল্লাহ বাহার।

বিশেষ অতিথি হিসাবে উপস্তিত ছিলেন যথাক্রমে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক জনাব ছরোয়ার হোসেন, কার্পাসডাঙ্গা পুলিঁশ ফাড়ির ইনচার্জ এস আই সাইফুল ইসলাম ও ফুলবাড়ি, ঠাকুপুর বিওপি ক্যাম্প কমান্ডার সহ এলাকার শিক্ষা প্রতিস্ঠানের প্রধান শিক্ষকগন সুশীল সমাজ ইউনিয়ন ও ওয়ার্ডের সকল নেতা কর্মিরা উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

নির্বাচন ব্যবস্থা ধ্বংস করায় মানুষ ভোটবিমুখ : মঈন খান

সরকার নির্বাচন ব্যবস্থাকে ধ্বংস করেছে বলেই জনগণ ভোটবিমুখ হয়ে গেছেন- এমন দাবি করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান। তিনি বলেন, বাঙালিরা হল পৃথিবীর সব থেকে রাজনৈতিক সচেতন জাতি।

সর্বত্র তাদের রাজনৈতিক আলাপ। স্টলে বসে মানুষ চা খাওয়া বাদ দিয়ে রাজনীতি নিয়ে আলোচনা করেন। অথচ তারাই আজ ভোটবিমুখ।

শনিবার বিকালে জাতীয় প্রেস ক্লাবে তৈমূর আলম খন্দকার রচিত ‘জাতীয় নির্বাচন-২০১৮ পোস্টমর্টেম’ গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

সভাপতির বক্তব্যে ড. মঈন আরও বলেন, বর্তমানে নির্বাচন ব্যবস্থা একটি মৃতদেহে পরিণত হয়েছে। ২০১৮ সাল থেকে ভোটার উপস্থিতি কমছে। সঠিক সময়ে সঠিক একটি বই প্রকাশে তৈমূর আলমকে ধন্যবাদ জানান তিনি।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সভাপতি আ স ম আবদুর রব বলেন, বাঙালিরা যেই পরিমাণ ভোট দেন, সে পরিমাণ ভোট দেয়ার নজির পৃথিবীর কোথাও নেই।

ব্রিটিশবিরোধী নির্বাচন, পাকিস্তানের সময়ের নির্বাচনে এর

প্রমাণ। গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেন, হাইকোর্টের বিচারপতিরা কোর্টের মতোই অন্ধ-বধির।

খালেদা জিয়ার জামিনের জন্য যে ডাক্তারি প্রতিবেদন বিএনপি জমা দিয়েছিল তা খুলেও দেখেনি। তিনি আরও বলেন, এ বইটা আমাদের সবাইকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে।

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না বলেন, আমি বলি-২০১৮ সালের নির্বাচনে আওয়ামী লীগ ধ্বংস হয়ে গেছে। একটা ঘটনার পরে আপনি বাসে, লঞ্চে, ট্রেনে যান, একটা মানুষ পাবেন না, যারা এ সরকারের প্রশংসা করেছে।

ড. মঈন খানের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন- বিএনপির যুগ্ম মহাসচিব মোয়াজ্জেম হোসেন আলাল, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, অধ্যাপক নুরুল আমীন বেপারী প্রমুখ।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয় ঘিরে রেখেছে পুলিশ

খালেদা জিয়ার মুক্তির দাবিতে বিএনপির পূর্বঘোষিত বিক্ষোভ কর্মসূচি পালনের উদ্দেশ্যে নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ে

অবস্থান নিয়েছেন দলীয় নেতাকর্মীরা।

শনিবার সকাল পৌনে ১০টার দিকে নেতাকর্মীদের একাংশ কার্যালয়ের সামনের সড়কে অবস্থান নিলে পুলিশ তাদের সরিয়ে দেয় ও কার্যালয়কে ঘিরে রাখে।

অন্য দিনের চেয়ে নয়াপল্টন কার্যালয়ের সামনে পুলিশের আধ্যিক্য বেশি বলে জানিয়েছেন বিএনপির সহ-দফতর সম্পাদক তাইফুল ইসলাম টিপু। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সকালে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সভাপতি হাবিব উন নবী খান সোহেলের নেতৃত্বে নেতাকর্মীরা দলীয় কার্যালয়ের সামনের সড়কে অবস্থান নেয়। তবে পুলিশি বাধায় তারা কার্যালয়ের ভেতরে চলে বাধ্য হন।

এরপর বিএনপি কার্যালয়ের প্রধান ফটকে দাঁড়িয়ে নেতাকর্মীরা খালেদা জিয়ার মুক্তির দাবিতে স্লোগান দিতে থাকেন। আজ দুপুর ২টায় বিএনপির এ বিক্ষোভ কর্মসূচি শুরু হওয়ার কথা থাকলেও এ ধরনের কোনে কার্যক্রম রয়েছে বলে জানা নেই পুলিশের।

এ বিষয়ে নয়া পল্টনে দায়িত্বরত এক পুলিশ কর্মকর্তা বলেন, আজ বিএনপির কোনো প্রকার বিক্ষোভ মিছিলের কর্মসূচি রয়েছে বলে আমাদের জানানো হয়নি। সকালে সড়কে অবস্থান করে যানবাহন চলাচলে বিঘ্ন ঘটালে তাদের উঠিয়ে দেয়া হয়েছে। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে শনিবার সকাল থেকেই বিএনপির নয়াপল্টন কার্যালয়ে হাবিব-উন-নবী খান সোহেল ছাড়াও স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিউল বারী বাবু, ঢাকা মহানগর বিএনপি নেতা এস এম জিলানী, ছাত্রদল নেতা আবদুস সাত্তার পাটোয়ারীকে দেখা গেছে। তাদের সঙ্গে অনেক দলীয় কর্মীরাও রয়েছেন।

পূর্ব-ঘোষিত বিক্ষোভ কর্মসূচির বিষয়ে বিএনপির প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী বলেন, আমরা বিক্ষোভ মিছিল করার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনারকে জানিয়েছিলাম। আমাদেরকে বলা হয়েছিল, শনিবার ১০টার দিকে জানাবে। কিন্তু এখনো জানায়নি তারা।

উল্লেখ্য, খালেদা জিয়ার কারাবন্দির দুই বছর পূর্তিতে তার মুক্তি দাবিতে গত ১২ ফেব্রুয়ারি বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করে বিএনপি।

ওই সমাবেশ থেকে নতুন করে শনিবার দেশব্যাপী বিক্ষোভ কর্মসূচির ডাক দেয়া হয়। ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে রাজধানীতে কেন্দ্রীয়ভাবে এ বিক্ষোভ পালন করা হবে।

আজ বিকাল ৩টায় মিছিল শুরু হয়ে জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হবে বলে সেদিন এক সংবাদ সম্মেলনে জানান বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

গাংনী মহিলা ভাইস চেয়ারম্যানের বাড়িতে প্রতিমন্ত্রী পত্মী সৈয়দা মোনালিসা ইসলাম

মেহেরপুরের গাংনী উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক ও মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিনের বাড়িতে গিয়ে শোকাহত পরিবারকে শান্তনা দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পত্নী ও বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের কেন্দ্রীয় সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম।

গতকাল শুক্রবার বিকেলে সংক্ষিপ্ত সময় নিয়ে তিনি শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মহিলা যুবলীগের পক্ষে থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবাইদুর রহমান, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, জেলা আওয়ামী যুব মহিলালীগের সভানেত্রী সামিউন বশিরা পলি, সাধারণ সম্পাদক রুত শোভা মন্ডল, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা যুবলীগের সভানেত্রী লতিফননেছা লতা, মুজিবনগর উপজেলা মহিলা যুবলীগের সভানেত্রী তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন,

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আসিফ, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব, জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক ইব্রাহিমসহ আওয়ামীলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মি উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

গাংনীতে যুবলীগ নেতা শাহাবুদ্দিনের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

সদ্য প্রয়াত উপজেলা যুবলীগ নেতা ও গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীনের স্বামী মোঃ শাহাবুদ্দিন আহম্মেদ এর মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মা’র নামাজ শেষে মহিলা ভাইস চেয়ারম্যানের বাসভবনে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন গাংনী দারুস সালাম জামে মসজিদের ইমাম মোঃ রুহুল আমীন।

দোয়া মাহফিল শুরুর আগে প্রয়াত শাহাবুদ্দিনের স্মরণে আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার চেয়ারম্যান আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ গোলাম মোস্তফা, জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম, জেলা জাতীয় পর্টির সাধারণ সম্পাদক আঃ হালিম সহ স্থানীয় নেতৃবৃন্দ।

মেপ্র/ইএম

দলে বসন্তের কোকিলদের নেতা বানাবেন না: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মুজিববর্ষে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উৎপাটন করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে চাই। মুজিববর্ষে অন্ধকারের অপশক্তি দেখতে চাই না। ঢাকার দুই সিটি নির্বাচনেও সেই অপশক্তি পরাজিত হয়েছে। মুক্তিযুদ্ধের ধারায় বাংলাদেশ নির্মাণই মুজিবর্ষের অঙ্গীকার। আমাদের সবাইকে শপথ নিতে হবে, এগিয়ে আসতে হবে মুক্তিযোদ্ধাদেরও।

বুধবার গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা দলের ত্রিবার্ষিক সম্মেলনে উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথির বক্তব্যে সেতুমন্ত্রী এ কথা বলেন।

সম্মেলনে বক্তৃতায় তিনি পকেট কমিটির বিরুদ্ধে হুশিয়ারি উচ্চারণ করে বলেছেন, ঘরের মধ্যে ঘর করবেন না, বসন্তের কোকিলদের নেতা বানাবেন না।

দলের নেতাকর্মীদের উদ্দেশে ওবায়দুল কাদের বলেন, আওয়ামী লীগ নবীন-প্রবীণদের সংগঠন। প্রবীণদের অভিজ্ঞতা ও নবীনদের প্রাণশক্তিতে আওয়ামী লীগ চলবে। দলে সুবিধাবাদীদের কোনো স্থান নেই। বসন্তের কোকিলদের আওয়ামী লীগের নেতা বানাবেন না। অনুপ্রবেশকারী, সুবিধাবাদী ও পরগাছামুক্ত আওয়ামী লীগ করতে চাই। দুঃসময়ের ত্যাগী নেতাদের সামনে নিয়ে আসতে হবে। ঘরের মধ্যে ঘর, পকেট কমিটি করবেন না। ত্যাগী নেতারা কোণঠাসা হলে দল কোণঠাসা হবে। প্রধানমন্ত্রীর নির্বাচনী এলাকা কোটালীপাড়ায় দলের ওয়ার্ড ও ইউনিয়ন কাউন্সিল শেষে উপজেলা কাউন্সিল হচ্ছে, একে সাধুবাদ জানাই। এটি দলের জন্য ভালো।

মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু দিয়েছেন দেশ, আর শেখ হাসিনা দিয়েছেন উন্নয়ন। মহান আল্লাহপাক আমাদের জন্য এ দুজন সৃষ্টি করেছেন। একজন স্বাধীনতার জন্য আরেকজনকে মুক্তির জন্য। আজ শিক্ষা, উন্নয়ন, ডিজিপি, আর্থসামাজিকসহ সবদিক থেকে পাকিস্তানকে পেছনে ফেলে

বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। শেখ হাসিনার জন্যই বাংলাদেশ বিশ্বসভায় মাথা উঁচু করে দাঁড়িয়েছে। তিনি ভূখণ্ড, সমুদ্র, মহাকাশ ও সীমান্ত জয় করেছে। আইএমএফ আগে বাংলাদেশকে ভিক্ষুকের দেশ বলত। এখন এশিয়ার সবচেয়ে বেশি প্রবৃদ্ধির দেশ বলে। আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য কাজী আকরাম উদ্দিন বিশেষ অতিথির বক্তব্যে বলেন, শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। বঙ্গবন্ধুর বাংলাদেশ শেখ হাসিনার নেতৃত্বে অদম্য গতিতে এগিয়ে চলছে।

কোটালীপাড়া উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট সুভাষ চন্দ্র জয়ধরের সভাপতিত্বে প্রথম পর্বের আলোচনায় অন্যদের মধ্যে শেখ হেলাল উদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক বাহাউদ্দিন নাছিম, ধর্ম প্রতিমন্ত্রী মোহাম্মদ আবদুল্লাহ, সালাউদ্দিন জুয়েল, সাংগঠনিক সম্পাদক মির্জা আজম, সাংগঠনিক সম্পাদক এসএম কামাল হোসেন, জেলা আওয়ামী লীগের সভাপতি চৌধুরী এমদাদুল হক, সাধারণ সম্পাদক মাহাবুব আলী খান, কোটালীপাড়া উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এসএম হুমায়ুন কবির, উপজেলা চেয়ারম্যান বিমল কৃষ্ণ বিশ্বাস, সাবেক উপজেলা চেয়ারম্যান মুজিবুর রহমান হাওলাদার, পৌর মেয়র হাজী মো. কামাল হোসেন শেখ, সম্মেলনের আহ্বায়ক কমল চন্দ্র সেন, উপজেলা আওয়ামী লীগের দফতর সম্পাদক রুহুল আমীন হাওলাদার লিটুসহ স্থানীয় নেতারা বক্তব্য দেন।

আগামী বছর ১৬ ডিসেম্বর মেট্রোরেলের উদ্বোধন: সংসদ রিপোর্টার জানান, বুধবার জাতীয় সংসদে অসীম কুমার উকিলের প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রায় ২২ হাজার কোটি টাকা ব্যয়ে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত দেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের অগ্রগতি গত ৩১ জানুয়ারি পর্যন্ত ৪০.৩৬ শতাংশ।

১৬ স্টেশনবিশিষ্ট ঘণ্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম আধুনিক এই মেট্রোরেল হবে বিদ্যুৎচালিত। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদ্যাপন বর্ষে ২০২১ সালের ১৬ ডিসেম্বর মেট্রোরেলের উদ্বোধনের পরিকল্পনা রয়েছে। প্রথম পর্যায়ে উত্তরা থেকে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬৭.৯৭ শতাংশ।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-গান গেয়ে নিজে কাঁদলেন, দর্শকদেরও কাঁদালেন এন্ড্রু কিশোর

অন্যায় করলে প্রতিমন্ত্রী, ডিসি কেউ ছাড় পাবে না – গোলাম রসুল

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল বলেন, দূর্নীতি করলে মন্ত্রী, চেয়ারম্যান,মেয়র, ডিসি কাউকেই ছাড় দেওয়া হবেনা। দূর্নীতিবাজদের বিচার করা হবে।

তিনি আজ মঙ্গলবার সকালে জেলা পরিষদ চত্বরে ঐতিহাসিক ৭ই মার্চ পালনের প্রস্ততি সভায়নেতাকর্মীদের উদ্দেশ্যে এসব কথা বলেন। এসময় মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটনও বক্তব্যে রাখেন।

গোলাম রসুল কতিপয় আওয়ামীলীগ নেতাদের প্রতি হুশিয়ারি উচ্চারণ করে বলেন, গত ০৫ ফেব্রুয়ারি মুজিব বর্ষের মিটিং এ যেসব প্রবীণ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন এসব ত্যাগী নেতাদের বাড়িতে বাড়িতে যেয়ে নানাভাবে ভয়ভীতি দেখাচ্ছে এক শ্রেণীর ভন্ড, ধোকাবাজ ও নব্য আওয়ামীলীগার । তিনি ভন্ড নেতাদের হুশিয়ারি করে বলেন, ত্যাগী এসব নেতাকর্মীরাদের বাড়িড়ে বাড়িতে গিয়ে ভয়ভীতি দেখিয়ে নির্যাতিত করা হলে সে সকল ভন্ড ও নব্য নেতাদের হাত কেটে দেওয়া হবে।

মেয়র মাহফুজুর রহমান রিটন সকল মিডিয়াকে উদ্দেশ্য করে বলেন আহবায়কের অনুমোদন ছাড়া জেলা যুবলীগের ব্যানার ব্যবহার করতে পারে না। মুজিবনগর ও মেহেরপুর বহিষ্কৃত নেতাদের নিয়ে যুবলীগের মিছিল করেছে । এরা মাদক ব্যবসায়ীরা যুবলীগের প্রোগামে ছিল। এই সকল নেতা কর্মীকে তাদের কু-কর্মের কারণে যু্বলীগ থেকে তাদের বহিষ্কৃত করা হয়েছে । এই সকল বহিষ্কৃত নেতারা স্কুল কলেজের বিভিন্ন দূর্নীতির সাথে জড়িত আছে। তাদের সেই দুর্নীতি ঢাকার জন্য তারা আওয়ামীলীগে যোগ দিয়েছে।

তিনি আরোও বলেন, আগামী ৭ মার্চ সামসুজ্জোহা পার্কে সমাবেশের মাধ্যমে দূর্নীতির জবাব দেওয়া হবে।

প্রতিমন্ত্রীকে পুনরায় কটুক্তি করা হলে দাঁতভাঙ্গা জবাব দেওয়া হবে- যুবলীগ নেতা মৃদুল

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন এমপিকে কটুক্তি করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও পথসভা করেছে জেলা যুবলীগের একাংশ। পুনরায় কটূক্তি মূলক বক্তব্য দেওয়া হলে দাঁতভাঙ্গা জবাব দেওয়ার হুশিয়ারি দেয় নেতারা।

সোমবার বিকালে জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে কমিউনিটি সেন্টার থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিল শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত পথসভা করা হয়।

সভায় সরফরাজ হোসেন মৃদুল বলেন, গত ৫ ফেব্রুয়ারি মেহেরপুর কমিউনিটি সেন্টারে বর্ধিত সভার নামে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নামে যে ধরনের কটূক্তি করা হয়েছে সেটি অত্যন্ত ন্যাক্কার জনক।

অবিলম্বে এই ধরনের বক্তব্য যদি প্রত্যাহার না করা হয় তাহলে আমরা কঠোর কর্মসূচি দেবো। ফরহাদ হোসেন একজন সচ্ছ রাজনীতিবিদ। মাননীয় প্রধানমন্ত্রী ফরহাদ হোসেনের যোগ্যতায় প্রতিমন্ত্রী বানিয়েছেন। আমরা মেহেরপুরবাসি সবাই জানি ছহিউদ্দিন পরিবারের সন্তানরা কেমন। ভবিষ্যতে এই ধরনের বক্তব্য দেওয়া হয় তাহলে দাঁতভাঙ্গা জবাব দেওয়া হবে।

মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু বলেন, আওয়াশীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি যদি ছহিউদ্দিন না হয় তবে কে? মেহেরপুরে যদি একটি পরিবার সচ্ছ আওয়ামীলীগের রাজনীতি করে সেটি হলো ছহিউদ্দিন পরিবার।

আমরা যুবলীগ সবসময় সচ্ছ রাজনীতির সাথে আছি, ফরহাদ হোসেনের সাথে আছি।

গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোসারফ হোসেন বলেন, মেহেরপুর জেলার চারটি যুবলীগের ইউনিট প্রতিমন্ত্রীর সাথে আছে। গত ৫ ফেব্রুয়ারি প্রতিমন্ত্রীকে নিয়ে যে ধরনের কথা বলা হয়েছে সেটি কোন আওয়ামীলীগের নেতা বলতে পারেনা। তাদের উচিৎ এই মূহর্তে ফরহাদ হোসেনের কাছে মাফ চাওয়া।

অন্যদের মধ্যে বক্তব্য দেন শহর আওয়ামীলীগের সভাপতি শেখ কামাল, সদর উপজেলা যুলীগের সাবেক সভাপতি আনোয়ার হোসেন, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, যুবলীগর নেতা একে আজাদ সাগর, বারিকুল ইসলাম লিজন সহ আরও অনেকে। যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতা কর্মিরা বিক্ষোভ মিছিলে অংশগ্রহন করে।

উল্লেখ, গত ৫ ফেব্রুরায়ি মেহেরপুর কমিউনিটি সেন্টারে শহর আওয়ামীলীগের বর্ধিত সভায় প্রতিমন্ত্রীকে বিষদগার করে বক্তব্য দেন নেতারা।

মেপ্র/ইএম

ড. কামাল হোসেন সীমা ছাড়িয়ে গেছেন: ওবায়দুল কাদের

সরকারকে নিয়ে প্রবীণ রাজনীতিক ড. কামাল হোসেনের উক্তিকে আপত্তিকর ও রাস্তার ভাষা বলে উল্লেখ করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন, ড. কামাল হোসেন সরকারকে লাথি মেরে উচ্ছেদ করার কথা বলেছেন। এটা গণতন্ত্রের ভাষা হতে পারে না। এটা রাস্তার ভাষা। তার মতো ব্যক্তি কি করে এমন ভাষায় কথা বলেন? তিনি সীমা ছাড়িয়ে গেছেন।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় সেতু নির্মাণ ও পুরান তিনটি সেতুর পুনর্বাসন প্রকল্পের উদ্বোধন উপলক্ষে রোববার দুপুরে সোনারগাঁয়ের মেঘনাঘাট এলাকায় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন।

ওবায়দুল কাদের বলেন, খালেদা জিয়ার মুক্তি ইস্যুতে বিএনপি আন্দোলনের নামে আবার জ্বালাও-পোড়াওয়ের পথে হাঁটতে চায়। তবে স্পষ্ট করে বলতে চাই, জ্বালাও-পোড়াও কিংবা সহিংসতা সৃষ্টির চেষ্টা করা হলে আইনশৃঙ্খলা বাহিনী উপযুক্ত জবাব দেবে।

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মামলা প্রসঙ্গে তিনি বলেন, এটা কোনো রাজনৈতিক মামলা নয়। তার বিরুদ্ধে মামলা বর্তমান সরকার করেনি। ওই মামলা তত্ত্বাবধায়ক সরকারের আমলের। তাই তাকে রাজনৈতিকভাবে মুক্ত করার সুযোগ নেই। বিষয়টি আদালতের ব্যাপার। আর এ মামলা বিলম্বের জন্য বিএনপি নিজেরাই দায়ী।

সেতুমন্ত্রী বলেন, দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নেয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিকল্পনার অংশ হিসেবে কাঁচপুর, মেঘনা ও গোমতী (দ্বিতীয়) তিনটি সেতু জাপানের সহায়তায় আধুনিক ও যুগোপযোগী করে চার লেন করা হয়েছে। জাইকা আজ সেতু তিনটি আমাদের কাছে হস্তান্তর করল। সেতু তিনটির কাজ নির্ধারিত সময়ের ৬ মাস আগে সম্পন্ন করায় ১ হাজার ৩৮৮ কোটি টাকা ব্যয় কম হওয়ায় জাপান সরকারকে ধন্যবাদ জানাই। এ তিনটি সেতু নির্মাণের দৃষ্টান্ত দেশের সড়ক পরিবহন ও সেতু বিভাগের সব প্রকৌশলী ও ঠিকাদারদের জন্য শিক্ষণীয় ও অনুকরণীয় হয়ে থাকবে। অনুষ্ঠানে স্থানীয় প্রশাসন ও সওজের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-সিঙ্গাপুরে এক বাংলাদেশি করোনাভাইরাসে আক্রান্ত